# বাংলা / BENGALI

## ( আবশ্যিক ) / ( Compulsory )

সময় : 3 ঘন্টা
Time Allowed : Three Hours

পূর্ণাঙ্ক : 300
Maximum Marks : 300

## প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী

***উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন :***

*প্রতিটি প্রশ্নের উত্তর দিতে হবে ।*

*প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মুল্য দেওয়া হয়েছে ।*

*অন্য কোনো নির্দেশ না থাকলে প্রশ্নের উত্তর **বাংলা (বাংলা লিপি)** অক্ষরে লিখতে হবে ।*

*কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে । উত্তরের শব্দসংখ্যা নির্দিষ্ট শব্দসংখ্যার চেয়ে খুব বেশি বা খুব কম হলে নম্বর কাটা যাবে ।*

*প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠ বা পৃষ্ঠার অংশ খালি থাকলে পরিষ্কারভাবে কেটে দিতে হবে ।*

99NOTES

## Question Paper Specific Instructions

***Please read each of the following instructions carefully before attempting questions :***

*All questions are to be attempted.*

*The number of marks carried by a question / part is indicated against it.*

*Answers must be written in **BENGALI (Bengali script)** unless otherwise directed in the question.*

*Word limit in questions, wherever specified, should be adhered to and if answered in much longer or shorter than the prescribed length, marks may be deducted.*

*Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.*

**Q1. নিম্নলিখিত যে কোনো *একটি* বিষয়ে 600 শব্দের প্রবন্ধ রচনা করুন :** **100**

(a) ভোগবাদী জীবনশৈলী ও পরিবেশ

(b) মোবাইল ফোন আসক্তি

(c) অনলাইন শিক্ষার সীমাবদ্ধতা

(d) সন্ত্রাসবাদ : একটি চ্যালেঞ্জ

**Q2. নিম্নলিখিত গদ্যাংশটি মনোযোগ দিয়ে পড়ুন এবং যে-সকল প্রশ্ন পরে করা হয়েছে তার উত্তর সংক্ষেপে, স্পষ্ট ও শুদ্ধ ভাষায় লিখুন :** *12×5=60*

যখন একজন কৃষক মাঠে কাজ করে, সে খাদ্যশস্য এবং শিল্পের জন্য কাঁচামাল উৎপাদন করে । উৎপাদিত তুলা কাপড়ের কল ও পাওয়ার লুমগুলিতে কাপড়ে রূপান্তরিত হয় । যানবাহন এক জায়গা থেকে অন্য জায়গায় পন্য পরিবহন করে । আমরা জানি যে কোনো দেশে এক বছরে উৎপাদিত পণ্য ও পণ্য-পরিষেবার সামগ্রিক মূল্যকে সংশ্লিষ্ট দেশের মোট দেশীয় উৎপাদন বলা হয় । আমরা রপ্তানি করে অর্থ পাই আর আমদানির জন্য মূল্য পরিশেষ করি । আমরা দেখতে পাই যে এতে নিট আয় ইতিবাচক বা ঋণাত্মক বা শূন্য হতে পারে। যখন আমরা প্রাপ্ত উপার্জন যোগ করি তখন আমরা সেই বছরের জন্য সংশ্লিষ্ট দেশের মোট দেশজ উৎপাদন পাই ।

সামগ্রিক জাতীয় উৎপাদনে অবদান রাখে এমন সমস্ত কার্যক্রমকে আমরা অর্থনৈতিক কর্মকান্ড বলি । যারা অর্থনৈতিক কর্মকান্ডের সঙ্গে যুক্ত তাদেরকে আমরা শ্রমিক বলি, সে উচ্চ বা নিম্ন যে কোনো স্তরের কাজ হোক না কেন । অসুস্থতা কিংবা আঘাতজনিত কোনো শারীরিক সমস্যা, খারাপ আবহাওয়া, উৎসব অথবা সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠানের কারণে যদি তাদের মধ্যে কেউ কেউ কাজে না আসতে পারে, তবুও তারা শ্রমিক হিসাবে বিবেচ্য । মুখ্য শ্রমিকের সঙ্গে সহযোগী হিসাবে যারা কাজে অংশগ্রহণ করে তারাও শ্রমিক হিসাবে বিবেচিত হয় । শ্রমের বিনিময়ে নিয়োগ কর্তার কাছ থেকে যারা পারিশ্রমিক পেয়ে থাকে সাধারণ ভাবে আমরা তাদেরকে শ্রমিক বলি । কিন্তু এটাই সব নয় । যারা স্বনির্ভর তারাও শ্রমিক ।

ভারতে কাজের প্রকৃতি বহুমুখী । কিছু মানুষ কাজ পায় সারা বছর ধরে, কিছু মানুষ পায় বছরের কয়েক মাস মাত্র । অধিকাংশ শ্রমিক তাদের শ্রমের যথাযথ পারিশ্রমিক পায় না । অর্থনৈতিক কর্মকান্ডের সঙ্গে যারা যুক্ত, শ্রমিকের সংখ্যা নির্ণায়ক পরিসংখ্যানে তারা সবাই চাকুরে মানুষের শ্রেণিতে পড়ে । 2011 – 12 সালে ভারতে শ্রমশক্তির পরিমাণ অনুমান করা হয়েছিল প্রায় 473 মিলিয়ন । যেহেতু দেশের অধিকাংশ মানুষ গ্রামীণ এলাকায় বসবাস করে, তাই গ্রামীণ কর্মশক্তির অনুপাত শহুরে কর্মশক্তির চেয়ে বেশি । 473 মিলিয়ন শ্রমিকের তিন চতুর্থাংশ হল গ্রামের মানুষ ।

পুরুষেরা ভারতে কর্মশক্তির সংখ্যাগরিষ্ঠ । যেখানে গ্রামীণ সামগ্রিক কর্মশক্তির এক তৃতীয়াংশ মহিলা শ্রমিক, সেখানে মাত্র কুড়ি 20 শতাংশ নাগরিক মহিলা কর্মশক্তিতে অবদান রাখে । রান্না করা, পানীয় জল আনা, জ্বালানি সংগ্রহের পাশাপাশি মহিলারা মাঠে কাজ করে । তারা নগদ বা খাদ্যশস্য আকারে মজুরি পায় না । অনেক ক্ষেত্রে কিছুই পায় না । এই কারণে এই সমস্ত মহিলারা শ্রমিকের শ্রেণিতে অন্তর্ভুক্ত হয় না । অর্থনীতিবিদরা বলেছেন এই মহিলাদেরও শ্রমিক হিসাবে বিবেচনা করা উচিত ।

OGNOTES

(a) কাকে একজন শ্রমিক বলা যায় ? 12

(b) মোট দেশীয় পণ্য বলতে কী বোঝায় ? 12

(c) ভারতবর্ষে কর্মসংস্থানের প্রকৃতি কেমন ? 12

(d) কোন ধরণের নারীদের শ্রমিক হিসাবে গণ্য করা হয় না ? 12

(e) ভারতে কর্মশক্তি জনসংখ্যার অনুপাত কত ? 12

**Q3. নিম্নলিখিত অনুচ্ছেদের সারাংশ নিজের ভাষায় *এক-তৃতীয়াংশ* শব্দে লিখুন। অনুচ্ছেদের কোনো শিরোনাম দেবার প্রয়োজন নেই।** 60

সভ্যতা ও সংস্কৃতি — শব্দ দুটি কম বোধগম্য হলেও বহুল প্রচলিত। সেই সময়ের কথা কল্পনা করুন, যখন মানব সমাজ আগুনের ব্যবহার শেখে নি। আজ প্রতিটি বাড়িতে রান্নার জন্য আগুন জ্বলে। যে মানুষটি প্রথম বারের মতো আগুন আবিষ্কার করেছিলেন, তিনি অবশ্যই একজন মহান আবিষ্কারক ছিলেন। অথবা সেই সময়ের কথা কল্পনা করুন, যখন মানুষ সূঁচ এবং সুতোর ব্যবহার জানত না। এক টুকরো লোহা থেকে যে মানুষটি প্রথম সূচের আকার দিলেন, তিনিও একজন মহান আবিষ্কারক।

আসুন আমরা এই দুটি উদাহরণ বিবেচনা করি। প্রথম উদাহরণটিতে দুটি বিষয় আছে। প্রথমত, আগুন আবিষ্কার করার জন্য একটি নির্দিষ্ট মানুষের শক্তি, এবং দ্বিতীয়ত, আগুনের আবিষ্কার। অনুরূপভাবে দ্বিতীয় উদাহরণের সুঁচ সুতো। প্রথমত, সূঁচ ও সুতো আবিষ্কার করার শক্তি এবং দ্বিতীয়ত, সূঁচ-সুতোর আবিষ্কার। যে সামর্থ্য প্রবণতা ও অনুপ্রেরণার উপর ভিত্তি করে আগুন এবং সূঁচ-সুতো আবিষ্কৃত হয়েছিল তা ঐ বিশেষ ব্যক্তির সংস্কৃতি এবং সেই সংস্কৃতির দ্বারা যা উদ্ভাবিত হয়েছিল, যা তিনি নিজের এবং অন্যদের জন্য উদ্ভাবন করেছিলেন, তাকে বলে সভ্যতা।

একজন সংস্কৃতিবান মানুষ নতুন কিছু আবিষ্কার করেন কিন্তু তার বংশধররা তাদের পূর্ব-পুরুষদের কাছ থেকে অজ্ঞাতসারে সেই আবিষ্কারগুলি উত্তরাধিকার সূত্রে পায়। যে মানুষের বুদ্ধিমত্তা ও বিচক্ষণতা নতুন কোনো পথ দেখায়, তিনি সংস্কৃতিবান মানুষ। কিন্তু তাঁর বংশধর যারা অজ্ঞাতসারে ঐ জিনিসটি উত্তরাধিকার সুত্রে পেয়েছে, তারা তাদের পূর্ব-পুরুষদের মতো সভ্য হতে পারে, কিন্তু সংস্কৃতিবান বলা যায় না। একটা আধুনিক উদাহরণ ধরা যাক, নিউটন উদ্ভাবন করেছিলেন মাধ্যাকর্ষণ তত্ত্ব। তিনি ছিলেন একজন সংস্কৃতিবান মানুষ। পদার্থবিদ্যার শিক্ষার্থী আজ নিউটনের মাধ্যাকর্ষণ তত্ত্ব সম্পর্কে পরিচিত, কিন্তু এর পাশাপাশি তার আরও অনেক কিছুর জ্ঞান আছে, সেগুলি হয়তো নিউটনের অপরিচিতই থেকে গেছে। তা সত্ত্বেও আমরা আজকালকার পদার্থবিদ্যার শিক্ষার্থীদের সম্পর্কে বলতে পারি যে তারা নিউটনের চেয়ে বেশি সভ্য, কিন্তু বলতে পারিনা যে নিউটনের মতো সংস্কৃতিবান।

99NOTES

আগুন আবিষ্কারের পিছনে ক্ষুধা সম্ভবত একটি অনুপ্রেরণা । সূঁচ ও সুতোর আবিষ্কারের পিছনে ছিল মানুষের নিজেকে সাজানো ও ঠান্ডা-গরমের হাত থেকে নিজেকে বাঁচানোর তাগিদ । এখন কল্পনা করুন পেটভরা একজন মানুষ, যার শরীর বস্ত্রে আচ্ছাদিত, যখন সে উন্মুক্ত আকাশের নীচে শুয়ে রাতের মিটিমিটি তারাদের দিকে তাকায়, তখন সে ঘুমাতে পারে না; কারণ সে জানতে আগ্রহী — মাথার উপরকার থালাটি মুক্তোতে ভরা কেন ? পেট ভরানো এবং শরীর ঢাকার আকাঙ্ক্ষা সংস্কৃতির ভিত্তি নয় । যে মানুষ প্রকৃত সংস্কৃতিবান, তাঁর পেটভরা ও শরীর আচ্ছাদিত থাকা সত্ত্বেও তিনি অলসভাবে বসে থাকতে পারেন না । আমাদের সংস্কৃতির বড়ো একটা অংশ আমরা পেয়েছি এমনই সংস্কৃতিবান মানুষদের থেকে, যাঁদের সচেতনতা প্রাথমিক ভাবে বাহ্য প্রাকৃতিক ঘটনা দ্বারা প্রভাবিত হয়েছে । কিন্তু সংস্কৃতির কিছু অংশ আমরা পেয়েছি মুনি-ঋষিঘদের থেকে, যাঁরা কোনো বাহ্য প্রাকৃতিক প্রেরণা দ্বারা প্রভাবিত নন, বরং তাঁদের অভ্যন্তরীণ প্রাকৃতিক সংস্কৃতির কারণে তাঁরা বুঝতে পারেন ঐ সমগ্র ঘটনার কারণসমূহ । রাতের তারা ভরা আকাশ দেখে মুনি-ঋষিদের ঘুমাতে না পারা আজকের জ্ঞান অন্বেষণের প্রাথমিক সূচনা বলা যায় । *(শব্দসংখ্যা : 439)*

**Q4. নিম্নলিখিত গদ্যাংশটি ইংরেজি অনুবাদ করুন : 20**

সময় অমূল্য । আসলে, সময় হল বিশ্বের একমাত্র জিনিস, যা সীমাবদ্ধ । যদি তুমি সম্পদ হারাও, তা পুনরায় অর্জন করতে পারো । যদি তুমি গৃহ হারাও, তা আবার পেতে পারো; কিন্তু যদি সময় হারাও, কখনও ঐ সময় আর ফিরে পাও না ।

জীবনে আমরা যদি কিছু করতে চাই, যদি কিছু হতে চাই, যদি কিছু অর্জন করতে চাই, তখন সময়কে কীভাবে ব্যবহার করব, তা জানা খুব জরুরি । সময়ের যথাযথ ব্যবহারে আমরা যা অর্জন করতে চাই, তা অর্জন করতে পারি ।

বলা হয় যে, "সময়ই সম্পদ" । কিন্তু কথাটি সম্পূর্ণ সত্য নয় । সত্য হল এই যে, সময়ই সম্পদকে কার্যকরী করতে পারে । যদি তুমি তোমার সময়কে যথাযথ ব্যবহার করতে পারো, একমাত্র তখনই তুমি সম্পদ অর্জন করতে পারো । অন্যদিকে, যদি তুমি সময়ের অপব্যবহার করো, তাহলে তুমি সম্পদ অর্জনের সমস্ত সম্ভাবনাকে হারাবে । যখন তুমি সময়ের যথাযথ ব্যবহারে সতর্ক হবে, তখন তুমি সময় নষ্ট বন্ধ করবে । তুমি খুঁজতে শুরু করবে সময়ের সদ্ব্যবহারের প্রকৃত পথ । তুমি কম সময়ের মধ্যে বেশি কাজ করার উপায় খুঁজবে । যদি তুমি সময়ের প্রকৃত সদ্ব্যবহার করতে চাও, তাহলে তুমি কেবল সচেতন মন ব্যবহার করবে না, অবশ্যই তোমার অবচেতন মনকেও যথাযথ ব্যবহার করবে । এই আত্মসচেতনতা তোমাকে নতুন পথ বলে দেবে, যে শক্তিতে তুমি স্বল্প সময় ব্যয়ে অধিক কাজ করার পথ খোঁজায় সফল হবে ।



99NOTES

**Q5.** **নিম্নলিখিত গদ্যাংশটি বাংলায় অনুবাদ করুন :** **20**

We cannot deny the importance of games in life as games make a person sound in body and mind. Society expects of a person to fulfil all his duties, for which it is important for him to keep healthy. He may be very intelligent, but his intelligence is of no use if he is not healthy. In some ways, the human body is like a machine. If it is not made use of, it starts to work badly. People who are not fit grow weak; they become more prone to disease. Any form of game is useful, if it gives the body an opportunity to take regular physical exercise. Playing encourages the spirit of sportsmanship. It enables one to deal with life's problems in a wise and natural manner. The important thing in playing is not the winning or the losing, but the participation. We have to remember some other things about playing games. First, it is the physical exercise that is important for health, not the games themselves, and there are other ways of getting this. Is not India the home of yoga ? When we think of the phrase — a healthy mind in a healthy body — we should not forget that it is the mind which is mentioned first. And if we let games become the most important thing in our lives, then we undermine the importance of the mind.

99NOTES

**Q6.** (a) **বিশিষ্টার্থে বাক্যে প্রয়োগ করুন :** *2×5=10*

(i) শাঁখের করাত *2*

(ii) মেঘ না চাইতে জল *2*

(iii) গাঁয়ে মানে না আপনি মোড়ল *2*

(iv) অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট *2*

(v) কেঁচে গণ্ডূষ *2*

(b) **নিম্নলিখিত পদগুলির ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন :** *2×5=10*

(i) কাজলকালো *2*

(ii) পঞ্চবটী *2*

(iii) গরমিল *2*

(iv) ধানখেত *2*

(v) অদৃষ্ট *2*

(c) **বিপরীতার্থক শব্দ লিখুন :** **2×5=10**

(i) মৌন 2

(ii) বিস্মৃতি 2

(iii) চিরন্তন 2

(iv) মানবিক 2

(v) আঞ্চলিক 2

(d) **অশুদ্ধি সংশোধন করুন :** **2×5=10**

(i) আর্ন্তজাতিক 2

(ii) বাল্মিকি 2

(iii) গনশত্রু 2

(iv) উনবিংশ 2

(v) মধূসুদন 2

99NOTES